

এইচএসসির ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন শুরু ২৭ নভেম্বর, যেভাবে করা যাবে

নিজস্ব
প্রতিবেদক

২৬ নভেম্বর,
২০২৩ ২০:১২

শেয়ার

অ +

অ -



প্রতিকী ছবি।

এইচএসসি-২০২৩ পরীক্ষার ফলাফলে অসম্পূর্ণ শিক্ষার্থীদের খাতা পুনঃনিরীক্ষণের আবেদন সময়সীমা ও নিয়মাবলি প্রকাশ করেছে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। আগামীকাল সোমবার থেকে এই আবেদন প্রক্রিয়া শুরু হয়ে চলবে ৩ ডিসেম্বর পর্যন্ত।

আজ রবিবার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শুধু টেলিটক প্রি-পেইড সিম কার্ড ব্যবহার করে ফল পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে।

অন্য কোনো উপায়ে আবেদন গ্রহণ করা হবে না। এ বছর প্রতি পত্র বিষয়ের পুনঃনিরীক্ষণের আবেদন ফি ১৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। একাধিক পত্রের নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি জমা দিয়ে আবেদনের ক্ষুদ্রে বার্তায় একাধিক বিষয়ের কোড উল্লেখ করা যাবে।

আবেদন প্রক্রিয়া: ক্ষুদ্রে বার্তায় RSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখতে হবে।

এরপর স্পেস দিয়ে রোল নম্বর, স্পেস দিয়ে বিষয় কোড, স্পেস দিয়ে পরের বিষয় কোড (একাধিক পত্র নিরীক্ষণ আবেদনের ক্ষেত্রে) লিখে ১৬২২২ নম্বরে ক্ষুদ্রে বার্তা পাঠাতে হবে। ঢাকা বোর্ডের কোনো পরীক্ষার্থীর রোল 123456 হলে আবেদন করতে RSC dha 123456 127 (বিষয় কোড) লিখে ১৬২২২ নম্বরে ক্ষুদ্রে বার্তা পাঠাতে হবে।